গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাসাইল, টাঙ্গাইল।

তারিখ : ১৫.০১.২০২৩ খ্রিঃ।

স্মারক নং : ৩১.৩০.৯৩০৯.০০০.০৪.০০১.২২- ৩৭

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবীদের সমিতি/সমবায় সমিতির (সমবায়বায় অধিদপ্তর /সমাজসেবা আধিদপ্তর কর্তৃক নিবন্ধিত) সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাসাইল উপজেলাধীন ২০(বিশ) একরের নিম্নে আয়তন বিশিষ্ট নিম্নবর্ণিত জলমহালসমূহ সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ মোতাবেক ১৪৩০-১৪৩২ বাংলা সন (১লা বৈশাখ ১৪৩০ বাংলা হতে ৩০ চৈত্র ১৪৩২ বাংলা) পর্যন্ত ৩ (তিন) বছর মেয়াদে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি land.gov.bd/jm.lams.gov.bd ওয়েবসাইটে ২০ জানুয়ারি ২০২৩ হতে ০৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রি: তারিখের মধ্যে অনলাইনে আবেদন দাখিল করবেন। অনলাইনে আবেদন দাখিল করার পর আবেদনের হার্ডকপি সীলগালা মুখবন্ধ খামে পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় বাসাইল,টাঙ্গাইলে অথবা উপজেলা ভূমি অফিস, বাসাইল,টাঙ্গাইলে অফিস চলাকালীন সময় জমা প্রদান করতে হবে।

## অনলাইনে আবেদন দাখিলের তারিখ:

| অনলাইনে নিবন্ধন ও আবেদন দাখিলের তারিখ | ২০ জানুয়ারি ২০২৩ হতে ০৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত (বাংলা ০৬ মাঘ ১৪২৯ হতে ২৫ মাঘ ১৪২৯ পর্যন্ত) |
|---|---|

জলমহালের তালিকা

| ক্র. নং | ইউনিয়ন/ পৌরসভার নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | তফসিল | | | | বিগত ০৩(তিন) বছরের ইজারামূল্য | বার্ষিক গড় ইজারামূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক ইজারামূল্য | ইজারার মেয়াদ | ৫% বৃদ্ধিতে ০৩(তিন) বছরের ইজারামূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজা | খ. নং | দাগ নং | আয়তন | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | ফুলকি | খাটরা খাস পুকুর | খাটরা | ১ | ১৩০ | ২.১৬ | ১৫৩০০০/- | ৫১০০০ | ৫৩৫৫০ | ১৪৩০-৩২ | ১৬০৬৫০/- |
| ২ | ফুলকী | ময়থা খাস পুকুর | ময়থা | ১ | ১৯৮৪ | ১.৯২ | ৫৫০০/- | ১৮৩৩.৩৩ | ১৯২৫ | ১৪৩০-৩২ | ৫৭৭৫/- |
| ৩ | ফুলকী | মূড়াকৈর খাস পুকুর | মূড়াকৈর | ১ | ১০২ | ০.৭৫ | ৮৬০০ | ২৮৬৬.৬৬ | ৩০০৯.৯৯ | ১৪৩০-৩২ | ৯০৩০/- |
| ৪ | কাঞ্চনপুর | কাঞ্চনপুর খাস পুকুর | কাঞ্চনপুর | ১ | ৩৮৭৭ | ০.৭৪ | ২১০০০ | ৭০০০ | ৭৩৫০ | ১৪৩০-৩২ | ২২০৫০/- |
| ৫ | কাউলজানী | স্বরাতিল বিল | গিলাবাড়ী | ১ | ৫৮৭ | ০.৯৬ | ২৩০০ | ৭৬৭.০০ | ৮০৫ | ১৪৩০-৩২ | ২৪১৫ |
| ৬ | বাসাইল | বাসাইল খাস পুকুর | বাসাইল | ১ | ৪২০২ | ০.৯৫ | ৩০০০.০০ | ১০০০.০০ | ১০৫০.০০ | ১৪৩০-৩২ | ৩১৫০ |

শর্তসমূহ

১। বাংলা সন (১লা বৈশাখ ১৪৩০ বাংলা হতে ৩০ চৈত্র ১৪৩২ বাংলা) পর্যন্ত ৩ (তিন) বছর মেয়াদে খাস জলাশয়সমূহ ইজারা প্রদান করা হবে।

২। জলমহাল আবেদনের জন্য সংশ্লিষ্ট মৎস্যজীবি সমবায় সমিতির সভাপতি / সম্পাদক কর্তৃক আগামী ২০ জানুয়ারি ২০২৩ হতে ০৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রি: তারিখের মধ্যে অনলাইনে আবেদন দাখিল করবেন।

৩। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে ( খামের উপর আবেদনকারীর নাম ,ঠিকানা ও জলমহালের নাম উল্লেখ করে) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় বাসাইল,টাঙ্গাইলে অথবা উপজেলা ভূমি অফিস, বাসাইল,টাঙ্গাইলে অফিস চলাকালীন সময় জমা প্রদান করতে হবে।

৪। নিবন্ধিত প্রার্থীগন অনলাইনে আবেদনের জন্য মৎস্যজীবি সমবায় সমিতির সভাপতি / সম্পাদক এর নাম , পদবী , এফআইডি, জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখসহ সমিতির যাবতীয় তথ্যাদি পূরন করে আবেদন দাখিল সম্পন্ন করতে হবে।

৫। দাখিলকৃত আবেদনে প্রার্থীত জলমহালের বিগত তিন বছরের গড় ইজারা মূল্য অপেক্ষা ৫% বর্ধিত না হলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

৬। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সমিতি/সমবায় সমিতি বা সমবায় অধিদপ্তর/সমাজসেবা আধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সে সব সমিতি বা সমবায় সমিতিসমূহ নির্দিষ্ট জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

৭। প্রকৃত মৎস্যজীবী সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজারায় অংশগ্রহণ করতে পারবেন। তবে কোন সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তবে সে সমিতি কোন সরকারি জলমহাল বন্দোবস্ত/ ইজারা পাওয়ার যোগ্য হবে না। কোন ব্যক্তি বা কোন অনিবন্ধিত সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনা/ইজারা প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন না।

৮। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার অযোগ্য বিবেচিত হবে। আবেদনকারী মৎসজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে,তার প্রমান স্বরূপ জেলা/উপজেলা সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সঙ্গে দাখিল করতে হবে এবং সাথে বিগত দুই বছরের অডিট রির্পোট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/ সমিতির জন্য অডিট রির্পোটের প্রয়োজন হবে না।

৯। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন না পাওয়া যায় তাহলে সেক্ষেত্রে পার্শ্ববর্তী উপজেলা/ জেলা মৎস্যজীবী সংগঠন/ সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

১০। ইজারা গ্রহিতা কোন মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবেনা এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে তাহলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত ইজারা বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত ইজারা গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/ সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত প্রাপ্তির জন্য কোন আবেদন করতে পারবে না।

১১। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠন দুটির অধিক জলমহাল ইজারা/ বন্দোবস্ত পাবে না।

১২। আবেদনে উল্লেখিত ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফ্ট জামানত হিসাবে অনলাইনে আবেদনের প্রিন্টেড কপির সাথে দাখিল করতে হবে। ইজারা প্রাপ্ত হয়নি এমন সমিতি/ সংগঠনের ব্যাংক ড্রাফ্ট/ পে-অর্ডার তাদেরকে ফেরত প্রদান করা হবে।

১৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

১৪। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য যে কোন বিষয় উপজেলা ভূমি অফিস, বাসাইল হতে জানা যাবে।

১৫। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদন পত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫.০২.২০২৩

(পাপিয়া আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বাসাইল, টাঙ্গাইল।

তারিখ : ১৫.০১.২০২৩ খ্রিঃ।

স্মারক নং : ৩১.৩০.৯৩০৯.০০০.০৪.০০১.২২- ৬৭

অনুলিপি সদয় অবগতির জন্য:(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১) মাননীয় সংসদ সদস্য-১৩৭(টাঙ্গাইল-৮), বাংলাদেশ জাতীয় সংসদ ও উপদেষ্টা-১, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাসাইল, টাঙ্গাইল।
০২) জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাসাইল, টাঙ্গাইল ও উপদেষ্টা-২, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাসাইল, টাঙ্গাইল।
০৪) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), টাঙ্গাইল।
০৫) উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল।
০৬) মেয়র, বাসাইল পৌরসভা, বাসাইল, টাঙ্গাইল।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :
০৭) উপজেলা ......................কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল ও সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাসাইল, টাঙ্গাইল।
০৮) অফিসার ইন-চার্জ, বাসাইল থানা, টাঙ্গাইল।
০৯) চেয়ারম্যান, ........................ইউনিয়ন পরিষদ, বাসাইল, টাঙ্গাইল।
১০) ইউনিয়ন ভূমি সহকারী বাসাইল সদর/ফুলকী/কাউলজানীইউনিয়ন ভূমি অফিস, বাসাইল, টাঙ্গাইল। তাকে বিজ্ঞপ্তিটি ঢোল-সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। নোটিশ বোর্ড।
১২। অফিস কপি।

২৫/০২/২৩
(আরিফুন্নাহার রিতা)
সহকারী কমিশনার(ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
বাসাইল, টাঙ্গাইল।

CamScanner